সত্যের আধুনিক প্রকাশ
মা ক তা বা তু ল ফু র কা ন
www.islamibooks.com

مكتبة الفرقان

সারাবছর, প্রতিদিন

# নবীজীর ﷺ হাদীস

## হামদুল্লাহ লাবীব

MAKTABATUL FURQAN
PUBLICATIONS
ঢাকা, বাংলাদেশ



সারাবছর, প্রতিদিন নবীজীর হাদীস
**মাকতাবাতুল ফুরকান** কর্তৃক প্রকাশিত
১০ প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা
www.islamibooks.com
maktabfurqan@gmail.com
+8801733211499

**গ্রন্থস্বত্ব © ২০২২ মাকতাবাতুল ফুরকান**

প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত ব্যবসায়িক উদ্দেশ্যে বইটির কোনো অংশ স্ক্যান করে ইন্টারনেটে আপলোড করা কিংবা ফটোকপি বা অন্য কোনো উপায়ে প্রিন্ট করা অবৈধ এবং দণ্ডনীয় অপরাধ।

দ্যা ব্ল্যাক, ঢাকা, বাংলাদেশ এ মুদ্রিত; +৮৮০১৭৩০৭০৬৭৩৫
প্রথম প্রকাশ : রবিউল আউয়াল ১৪৪৪ / অক্টোবর ২০২২
প্রচ্ছদ : কাজী যুবাইর মাহমুদ; +৮৮০১৩১৭৯৪২৪১৭
প্রুফ সংশোধন : জাবির মুহাম্মদ হাবীব
ISBN : 978-984-96830-1-8
মূল্য : ৳৩০০ (তিন শত টাকা) USD 10.00

**অনলাইন পরিবেশক**
www.islamibooks.com; www.rokomari.com
www.wafilife.com

# প্রকাশকের কথা

শিশু-বয়স থেকেই প্রত্যেক মানুষের মেধা ও মননের বিকাশ ঘটতে শুরু করে। এ সময় তারা যা শোনে ও দেখে, তা-ই তাদের হৃদয়ের গহীনে অঙ্কিত হয়ে যায়। এ-জন্য তাদের দ্বীনী অনুভূতি সমৃদ্ধ করে তুলতে সঠিক পরিচর্যা প্রয়োজন। এ কাজে দ্বীনী কিতাবাদির ব্যাপক ভূমিকা রয়েছে। তারা লেখাপড়া শুরু করার আগেই গল্প শুনতে অভ্যস্ত হয়। আর এ-সব গল্প যদি হাদীসের ভান্ডার থেকে বলা হয়, তখন স্বভাবতই তাদের অন্তর সত্যাশ্রয়ী হয়ে ওঠে।

ইতোপূর্বে *মাকতাবাতুল ফুরকান* থেকে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জীবনী এবং সাহাবায়ে কেরামের বিভিন্ন ঘটনাবলী নিয়ে দুটি গল্প-সংকলন প্রকাশিত হয়েছে। আর এবারের গ্রন্থটিতে শিশুদের প্রয়োজনীয়তার কথা বিবেচনা করে নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের ৩৬৫টি হাদীস সংকলন করা হয়েছে। তাদের জন্য এখানে প্রতিদিনের একটি করে হাদীস লিপিবদ্ধ করা হয়েছে; যাতে সারাবছর জুড়েই তারা নবীজীর কথা ও আচরণ শিখতে পারে। এখানে হাদীসগুলো খুবই সহজ ও সাবলীল ভাষায় তুলে ধরা হয়েছে। সঙ্গত কারণেই হাদীসগুলোর আরবী ইবারত দেওয়া হয়নি। তবে প্রতিটি হাদীসেরই সূত্র উল্লেখ করা হয়েছে।

গ্রন্থটি ত্রুটিমুক্ত করার সার্বিক চেষ্টা করা হয়েছে। সুহৃদ পাঠকের দৃষ্টিতে কোনো অসঙ্গতি ধরা পড়লে তা জানানোর জন্য অনুরোধ করা হলো। যারা গ্রন্থটি প্রকাশের ব্যাপারে বিভিন্নভাবে সহযোগিতা করেছেন, আল্লাহ তাদের বিনা হিসেবে জান্নাত নসীব করেন। আমীন।

**মুহাম্মাদ আদম আলী**
প্রকাশক, মাকতাবাতুল ফুরকান, ঢাকা

১২ রবিউল আউয়াল ১৪৪৪ / ৯ অক্টোবর ২০২২



# কিছু কথা

আল্লাহ তাআলার অশেষ কৃতজ্ঞতা, সারাবছর, প্রতিদিন—*নবীজীর হাদীস* গ্রন্থটি এখন ছোট্ট বন্ধুদের হাতে। তোমরা এর আগে আরও কত কী পড়েছ! সময় কাটিয়েছ মিথ্যে কিচ্ছা-কাহিনি, আর উদ্ভট সব গল্প পাঠ করে। এবার তোমরা পড়বে নবীজীর কথামালা। প্রিয়নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সান্নিধ্যে বসে তাঁর কথা শুনবে। রাঙাবে জীবন, সমাজ ও পৃথিবী।

নবীজী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সৃষ্টির সেরা। শ্রেষ্ঠ মানব। মহান আল্লাহর প্রিয়তম। আমার-তোমার হৃদয়ের স্পন্দন। সমগ্র মাখলুকের জন্য রহমত। তাঁর কথা-কাজ, ওঠা-বসা, ইবাদত-বন্দেগী, সংগ্রাম-সাধনা ও যাপিত জীবন—সবকিছু আমাদের জন্য আদর্শ।

তিনি নিষ্পাপ। নিষ্কলুষ। তাঁর প্রতিটি কথা ওহী। মহান রবের বার্তা। তিনি কোনো কথাই নিজ থেকে বলেননি। যা বলেছেন, আল্লাহ তাআলার ইশারায় বলেছেন। যা করেছেন, আপন মহান রবের নির্দেশে করেছেন। আমরা তাঁর কথা শুনব। তাঁর পথে চলব। সব কাজে তাঁকে অনুসরণ করব। তাঁকে গ্রহণ করব আমাদের আদর্শ পুরুষ হিসেবে। তিনি যেভাবে জীবন সাজাতে বলেছেন, ঠিক সেভাবে সাজিয়ে তুলব আমাদের জীবন। তবেই ফিরে আসবে মুসলিমদের সুদিন। অন্যায় যুলুম বন্ধ হবে। বয়ে যাবে শান্তির সুবাতাস। আমরা সেই দিনের অপেক্ষায় আছি।

প্রিয়নবীর ৩৬৫ টি হাদীস নিয়ে তোমাদেও জন্য এই গ্রন্থটি সাজানো হয়েছে। প্রতিদিন একটি করে হাদীস পাঠ করে সে অনুযায়ী আমল করতে চেষ্টা করো। আলোকিত মানুষ হও। আলোকিত করো পৃথিবী। আল্লাহ এ গ্রন্থের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে কবুল করেন।

**হামদুল্লাহ লাবীব**
১৪ যিলহজ, ১৪৪৩

# সূচিপত্র


১ আল্লাহকে ভয় করো
২ জাহান্নামকে ভয় করো
৩ অন্ধকারে পরিণত হবে
৪ মানুষ ও জীবের প্রতি দয়া
৫ দুটি নিয়ামত
৬ জাহান্নাম হারাম
৭ সবচেয়ে প্রিয় আমল
৮ সে শহীদ
৯ প্রতারণা করো না
১০ সবই তোমার পিতার
১১ সৎকাজের পথপ্রদর্শক
১২ তোমাদের মধ্যে সর্বোত্তম
১৩ মুমিনের জেলখানা
১৪ সে আমাদের দলভুক্ত নয়
১৫ কৃতজ্ঞতা
১৬ আয়না-স্বরূপ
১৭ সে-ই মুসলিম
১৮ নিন্দুক
১৯ যদি লজ্জা না থাকে
২০ জান্নাতের পথ
২১ প্রকৃত কল্যাণ
২২ সালাম বিনিময়
২৩ মুনাফিকের নিদর্শন
২৪ সর্বোত্তম ব্যক্তি
২৫ গালি দেওয়া অন্যায়
২৬ সে মুমিন নয়
২৭ ভবন-স্বরূপ
২৮ নিষ্পাপ মানুষের মতো
২৯ হাস্যোজ্জ্বল চেহারা
৩০ জান্নাতের সর্বোত্তম দরজা
৩১ দ্বীনকে সহজসাধ্য করো
৩২ ফেরেশতা প্রবেশ করে না
৩৩ মুমিন ব্যক্তি ব্যতীত
৩৪ বেশি হেসো না
৩৫ ডান হাতে খাও
৩৬ জ্ঞান অর্জন
৩৭ গীবত
৩৮ সবচে বেশি উঁচু হবে
৩৯ মানুষ যাকে ভালোবাসে
৪০ সালামের ব্যাপক প্রসার
৪১ বন্ধুর রীতিনীতির অনুসারী
৪২ মর্যাদা বাড়িয়ে দেন
৪৩ ‘বিসমিল্লাহ’ বলতে ভুলে গেলে
৪৪ শয়তান ছড়িয়ে পড়ে
৪৫ ডান থেকে শুরু করবে
৪৬ মধ্যভাগ রেখে দাও
৪৭ আল্লাহ সন্তুষ্ট হন
৪৮ আল্লাহ পছন্দ করেন না
৪৯ আলাদা বৈশিষ্ট্য
৫০ অনুমতি-গ্রহণ তিনবার





৫১ ইসলামের স্তম্ভ পাঁচটি
৫২ পেশাব থেকে পবিত্র থাকো
৫৩ শ্রেষ্ঠ মানুষ
৫৪ ঈমানের স্বাদ
৫৫ দান করা জিনিস
৫৬ মিথ্যাবাদী হওয়ার জন্য যথেষ্ট
৫৭ ডান হাত ব্যবহার
৫৮ তার ঈমান পরিপূর্ণ
৫৯ যে ব্যক্তি আগে সালাম দেয়
৬০ দোষ-ত্রুটি গোপন রাখা
৬১ একটি খেজুরগাছ
৬২ ভাইয়ের জন্য
৬৩ ভয় দেখানো বৈধ নয়
৬৪ আমার গুনাহ মাফ করে দাও
৬৫ হিদায়াত ও পথ-নির্দেশ
৬৬ সেই ঘর সর্বোত্তম
৬৭ শহীদদের আত্মা
৬৮ উদারচিত্ত
৬৯ সে-ই বেশি হকদার
৭০ সে-ই অস্বীকার করবে
৭১ শয়তান দূরে সরে যায়
৭২ সে-ই আসল বীর
৭৩ কষ্টদায়ক বস্তু
৭৪ আল্লাহ যার মঙ্গল চান
৭৫ প্রকৃত মুমিন হতে পারবে না
৭৬ তার জন্য ধ্বংস
৭৭ আঙুলগুলো চেটে খাওয়া
৭৮ সে যেন পর্দা করে
৭৯ কত বড়ো অপরাধ
৮০ শয়তান নিরাশ হয়ে গেছে
৮১ এলোমেলো চুল-বিশিষ্ট
৮২ কুরআন সৌন্দর্যমণ্ডিত করো
৮৩ তার জন্য সুসংবাদ
৮৪ বাধ্যতামূলক করে নাও
৮৫ বেশি বেশি সাজদা
৮৬ দুটি চোখ
৮৭ আলেমের মর্যাদা
৮৮ তোমাকে ভালোবাসবেন
৮৯ কোথাও তিনজন থাকলে
৯০ দুটো গুণ
৯১ উন্নত চরিত্র
৯২ সুখের সময়
৯৩ জাহান্নাম হারাম
৯৪ পাঁচটি অধিকার
৯৫ একটি বিড়াল
৯৬ দুটি ঘর
৯৭ একটি নেকি
৯৮ দুটি জিহ্বা
৯৯ তির-চালনা
১০০ তোমাদের শত্রু
১০১ সময়কে গালি
১০২ কোনো চোখ দেখেনি
১০৩ মিসওয়াক
১০৪ একজন পথচারী
১০৫ কৃপণ
১০৬ জান্নাত ওয়াজিব
১০৭ আর্তনাদ
১০৮ রমযান এলে

১০৯ তখন তুমি মুমিন
১১০ ফেরেশতা এসে দাঁড়িয়ে যায়
১১১ রবের কাছাকাছি
১১২ সবচেয়ে বড়ো কবিরা গুনাহ
১১৩ জিহ্বাকে সংযত রাখো
১১৪ নম্র ব্যবহার
১১৫ খাঁটি নিয়ত
১১৬ চেহারা-সুরত
১১৭ বান্দার সঙ্গে থাকি
১১৮ সর্বাধিক নিকৃষ্ট
১১৯ কিছু ফেরেশতা
১২০ সে জান্নাতে প্রবেশ করবে
১২১ মুসলমানের মান-সম্মান
১২২ কোমল ও সুন্দর আচরণ
১২৩ নিষ্পাপ মানুষের মতো
১২৪ আত্মীয়ের সঙ্গে সদাচরণ
১২৫ লাকড়ি সংগ্রহ
১২৬ আল্লাহর নামে
১২৭ স্রষ্টার অবাধ্যতা করে
১২৮ আল্লাহর পথে
১২৯ সেও যেন জিহাদ করল
১৩০ বাতির মতো
১৩১ বারো বছর আযান
১৩২ আমার আনুগত্য করল
১৩৩ মন্দ কাজ হতে দেখলে
১৩৪ সমুদ্রের ফেনা পরিমাণ হলেও
১৩৫ সম্পর্ক ছিন্ন করে থাকা
১৩৬ মোরগকে গালি দিয়ো না
১৩৭ সরিষার দানা পরিমাণ
১৩৮ জান্নাতে প্রবেশ করবে না
১৩৯ সবচেয়ে প্রিয় জায়গা
১৪০ পছন্দনীয় নাম
১৪১ প্রথম কাতার
১৪২ কাউকে বলো না
১৪৩ মসজিদে প্রবেশ করলে
১৪৪ যখন বলতে শুনবে
১৪৫ দুধ পান করে
১৪৬ খুতবা দেওয়ার সময়
১৪৭ অন্ধকারে মসজিদে যাতায়াত
১৪৮ মানুষ যখন মৃত্যুবরণ করে
১৪৯ শয়তান পালিয়ে যায়
১৫০ করজের প্রতিদান
১৫১ কাঁটাযুক্ত একটি ডাল
১৫২ ভালো স্বপ্ন ও মন্দ স্বপ্ন
১৫৩ মুখ পবিত্র করো
১৫৪ কুরআন সুপারিশকারী হবে
১৫৫ ইশা ও ফজরের নামায
১৫৬ তাড়াহুড়া করে সাজদা
১৫৭ কষ্ট করে কুরআন পাঠ
১৫৮ রোগী দেখতে যাওয়া
১৫৯ ডানাগুলো ঝুঁকিয়ে দেয়
১৬০ অন্য কোথাও ছায়া নেই
১৬১ মুসাফাহা
১৬২ লজ্জাশীলতা ও নির্লজ্জতা
১৬৩ কাঁটা বিদ্ধ হলে
১৬৪ প্রকৃত ধনী
১৬৫ সৎ সঙ্গী ও অসৎ সঙ্গী
১৬৬ পায়ের গোড়ালিগুলো





১৬৭ এটি খুবই খারাপ কথা
১৬৮ প্রথম কাতার থেকে পেছনে
১৬৯ ফেরেশতা তাদের ঘিরে রাখে
১৭০ একজন যদি সালাম দেয়
১৭১ দুটি বিষয়ে ঈর্ষা করা যায়
১৭২ তার প্রতি দয়া করা হয় না
১৭৩ যখন নামাযে আসবে
১৭৪ কেউ রাগান্বিত হলে
১৭৫ পৃথিবীর মূল্য
১৭৬ সুসংবাদ গ্রহণ করো
১৭৭ পূর্ণ আস্থা নিয়ে দুআ করো
১৭৮ রহমত ও দানের চিহ্ন
১৭৯ নামাযে ওযু নষ্ট হলে
১৮০ তোমরাও আমীন বলো
১৮১ পানীয় দ্রব্যে মাছি পড়লে
১৮২ চারটি জিনিস
১৮৩ খাঁটি মুনাফিক
১৮৪ জান্নাতে একটি ঘর
১৮৫ এমনভাবে ইবাদত করবে
১৮৬ পাঁচটি জিনিস
১৮৭ ব্যাপক শস্তি
১৮৯ বয়স্ক মুসলিমকে সম্মান করা
১৯০ প্রথম মনযিল
১৯১ সবচেয়ে বড়ো মিথ্যা
১৯২ পথের সন্ধান দেওয়া
১৯৩ জ্ঞানের আলোচনা
১৯৪ কুকুর পোষা
১৯৫ ছাদে ঘুমালে
১৯৬ সূরা কাহাফের প্রথম দশ আয়াত
১৯৭ জামাতের সঙ্গে ফজরের নামায
১৯৮ আয়াতুল কুরসী
১৯৯ তিনটি দোষ
২০০ মতভেদ দেখতে পেলে
২০১ আমার উম্মত নয়
২০২ কুল হুওয়াল্লাহু আহাদ
২০৩ লজ্জাশীলতা
২০৪ পবিত্রতা
২০৫ দানের কারণে
২০৬ আল্লাহ তাআলা পবিত্র
২০৭ দ্বীনের ব্যাপারে
২০৮ নামায ছেড়ে দেওয়া
২০৯ দাতার হাত উত্তম
২১০ তুচ্ছ মনে করো না
২১১ ধৈর্যধারণ
২১২ তালকীন
২১৩ ফজরের দুই রাকাত সুন্নত
২১৪ এমনভাবে জীবন যাপন করো
২১৫ ধোঁকা
২১৬ নেশা হারাম
২১৭ কবুল হজের প্রতিদান
২১৮ আমাদের বিপক্ষে
২১৯ যে বিশ্বাস করে
২২০ ক্ষমাপ্রার্থনা
২২১ কুরআন পাঠ করো
২২২ যা শোনে তা-ই বলে বেড়ায়
২২৩ ব্যাপক গণহত্যার সময়
২২৪ আরাফা দিবসের রোযা
২২৫ যতবার মসজিদে যায়

২২৬ পঞ্চাশ হাজার বছর পূর্বে
২২৭ তাদের জন্য মুবারকবাদ
২২৮ শয়তান হাসতে থাকে
২২৯ জিহাদকারীর সমতুল্য
২৩০ দুই কীরাত সাওয়াব
২৩১ টাখনুর নিচে পরিধেয় বস্ত্র
২৩২ তাওবা
২৩৩ দাড়ি ও মোচ
২৩৪ আসরের নামায ছুটে গেলে
২৩৫ শাহাদাত-প্রার্থনা
২৩৬ তারা উভয়ে জাহান্নামে যাবে
২৩৭ রূহ কণ্ঠাগত না হওয়া পর্যন্ত
২৩৮ চারিত্রিক উৎকর্ষ
২৩৯ পাখিদের রিযিকের মতো
২৪০ আঁধার রাতের মতো
২৪১ আল্লাহ তাআলা বলেছেন
২৪২ তিনটি জিনিস
২৪৩ জুতোর ফিতের চেয়েও
২৪৪ ছাগলের পায়ের ক্ষুর
২৪৫ চোখে আঘাত করে
২৪৬ তখন আর ছাড়েন না
২৪৭ এক বিঘত জমি
২৪৮ অবৈধ রক্তপাত
২৪৯ ত্রুটি-বিচ্যুতি
২৫০ সে মিথ্যাবাদী নয়
২৫১ মোটা-তাজা মানুষ
২৫২ এলোমেলো চুল-বিশিষ্ট
২৫৩ ইয়াতীমের প্রতিপালনকারী
২৫৪ প্রকৃত মিসকীন
২৫৫ নিকৃষ্টতম খাবার
২৫৬ দুটি মেয়ে
২৫৭ আমাকে খোঁজ করো
২৫৮ পরিবার-পরিজনের জন্য
২৫৯ পাপী হওয়ার জন্য যথেষ্ট
২৬০ উত্তম প্রতিবেশী
২৬১ তার নাক ধূলোমলিন হোক
২৬২ প্রকৃত আত্মীয়তা রক্ষাকারী
২৬৩ মায়ের সমতুল্য
২৬৪ তোমার খাবার যেন খায়
২৬৫ আমি যুদ্ধ ঘোষণা করব
২৬৬ সে যেন জানিয়ে দেয়
২৬৭ একশো ভাগ রহমত
২৬৮ যদি পাপ না করতে
২৬৯ পাঁচ ওয়াক্ত নামাযের দৃষ্টান্ত
২৭০ আল্লাহর ভয়ে কাঁদা
২৭১ দুনিয়ার দৃষ্টান্ত
২৭২ উম্মতের ফিতনা
২৭৩ এক টুকরো রুটি ও পানি
২৭৪ ধনীদের পাঁচশো বছর পূর্বে
২৭৫ সব মিথ্যে
২৭৬ আগুনের ফুলকি
২৭৭ হাত পাতা
২৭৮ তার অভাব দূর হয় না
২৭৯ উত্তম খাবার
২৮০ দুজনের খাবার
২৮১ মৃত্যু-কামনা
২৮২ জুতো পায়ে দেওয়া
২৮৩ পানীয় পরিবেশনকারী




২৮৪ স্বর্ণ ও রূপার পাত্র
২৮৫ সাদা কাপড়
২৮৬ পায়ের গোড়ালির নিচে
২৮৭ রেশমের কাপড়
২৮৮ যখন বিছানায় যাবে
২৮৯ অন্যকে উঠিয়ে দিয়ে
২৯০ আল্লাহর পক্ষ হতে লাঞ্ছনা
২৯১ গাধার শবদেহের মতো
২৯২ যে আমাকে স্বপ্নে দেখে
২৯৩ আরোহী পদচারীকে
২৯৪ যদি পাথর আড়াল হয়
২৯৫ বরকতময় হবে
২৯৬ সর্বপ্রথম মুসাফাহা
২৯৭ মুসাফাহার উপকার
২৯৮ রাতে একাকী ভ্রমণ
২৯৯ একটি শয়তান
৩০০ ভ্রমণ
৩০১ বিরান ঘরের মতো
৩০২ একটি হরফ
৩০৩ কুরআনের ধারকবাহক
৩০৪ মধুর সুরে
৩০৫ পাপ ঝরে যায়
৩০৬ দুই ঠান্ডা সময়ের নামায
৩০৭ তাদের ঘরবাড়ি জ্বালিয়ে দিই
৩০৮ জামাতের ব্যবস্থা না করলে
৩০৯ মুনাফিকদের জন্য
৩১০ কবরের মতো বানিয়ো না
৩১১ জুমার দিন
৩১২ জুমার দিন বেশি দরূদ পাঠ
৩১৩ সর্বাধিক প্রিয় নামায
৩১৪ রমযানের রাতে
৩১৫ লাইলাতুল কদরে
৩১৬ রমযান এলে
৩১৭ সাহরি খাও
৩১৮ রোযার মধ্যে পার্থক্য
৩১৯ দ্রুত সময়ে ইফতার
৩২০ আমি রোযাদার
৩২১ আল্লাহর প্রয়োজন নেই
৩২২ দুটি চোখ
৩২৩ শহীদের সকল গুনাহ
৩২৪ একবার চিমটি কাটলে
৩২৫ হিংসা
৩২৬ মন্দ হওয়ার জন্য যথেষ্ট
৩২৭ এক পায়ে জুতো
৩২৮ মৃতের জন্য বিলাপ
৩২৯ ছবি তৈরি
৩৩০ তোমার জিনিস যেন না পাও
৩৩১ রসুন বা পেঁয়াজ
৩৩২ গাধার আকৃতি
৩৩৩ অস্ত্র দিয়ে ইশারা
৩৩৪ সুগন্ধি
৩৩৫ মহামারী
৩৩৬ একই গর্তে
৩৩৭ নিয়মিত ইসতিগফার
৩৩৮ জান্নাতে একটি গাছ
৩৩৯ সর্বনিম্ন পর্যায়ের জান্নাতী
৩৪০ সূর্যগ্রহণ ও চন্দ্রগ্রহণ
৩৪১ ক্রয়-বিক্রয়ের বরকত

৩৪২ জান্নাতে সামান্য জায়গা
৩৪৩ জান্নাতী যদি উঁকি দিত
৩৪৪ সে মহৎ চিন্তার অধিকারী
৩৪৫ সে নিশ্চিত জাহান্নামী
৩৪৬ তার ঈমান পরিপূর্ণ
৩৪৭ তার ঈমান নেই
৩৪৮ কিয়ামত
৩৪৯ কিয়ামত প্রতিষ্ঠিত হবে
৩৫০ হাউযে কাউসার
৩৫১ নবীদের হাউয
৩৫২ দুধের চেয়ে সাদা
৩৫৩ সুপারিশ
৩৫৪ কবর থেকে
৩৫৫ আগুনের ফিতে
৩৫৬ কদর্য-পুঁজ
৩৫৭ দুটি বিষয়
৩৫৮ একজন ফকীহ
৩৫৯ রহমত ও দয়া
৩৬০ তুমি খরচ করো
৩৬১ মিথ্যা ও খিয়ানত
৩৬২ ওই ব্যক্তি সফল
৩৬৩ বুদ্ধিমান
৩৬৪ দীনার ও দিরহামের দাস
৩৬৫ দুটি কালিমা



وَمَآ اٰتٰىكُمُ الرَّسُوْلُ فَخُذُوْهُ وَمَا نَهٰىكُمْ عَنْهُ فَانْتَهُوْا

রাসূল তোমাদেরকে যা দেয়, তা তোমরা গ্রহণ করো এবং যা হতে তোমাদেরকে নিষেধ করে, তা হতে বিরত থাকো। (সূরা আল-হাশর, ৫৯ : ৭)



بسم الله الرحمن الرحيم

দিবস–১

## আল্লাহকে ভয় করো

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন—

তুমি যেখানেই থাক, আল্লাহকে ভয় করো, মন্দ কাজের পরপরই ভালো কাজ করো, তাতে মন্দ দূর হয়ে যাবে। আর মানুষের সঙ্গে উত্তম আচরণ করো।[১]

**হাদীসের শিক্ষা**

১। আমি যেখানেই থাকব, যে অবস্থাতেই থাকব, সবসময় আমার মনে থাকবে—আল্লাহ আমাকে দেখছেন। সুতরাং তাঁকে ভয় করে চলব।

২। কখনো যদি মন্দ কাজ করে ফেলি, আল্লাহ অসন্তুষ্ট হন এমন কোনো কাজ হয়ে যায় আমার দ্বারা, তাহলে তখনই একটি সাওয়াবের কাজ করে নেব। যেমন—দুই রাকাত নফল নামায আদায় করব, কিংবা কিছু সাদাকা করে দেব।

৩। সবসময় মানুষের সঙ্গে ভালো আচরণ করব, চাই সে যে-ই হোক। কারও মনে কষ্ট দেব না।

দিবস–২

## জাহান্নামকে ভয় করো

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন—

তোমরা জাহান্নাম থেকে আত্মরক্ষা করো, এক টুকরো খেজুর সাদাকা করে হলেও।[২]

**হাদীসের শিক্ষা :** সাদাকার ফলে আল্লাহ তাআলা তার বান্দার প্রতি খুশি হন। তার গুনাহ ক্ষমা করে দিয়ে তাকে জান্নাত দান করেন।



দিবস–৩

## অন্ধকারে পরিণত হবে

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন—

তোমরা যুলুম করা থেকে বিরত থাকো। কেননা, কিয়ামত দিবসে যুলুম অন্ধকারে পরিণত হবে।[৩]

**হাদীসের শিক্ষা :** আমি যদি আমার থেকে দুর্বল কারও ওপর যুলুম অত্যাচার করি, তবে আমার জেনে রাখা দরকার, অবশ্যই আমার থেকেও শক্তিশালী একজন আছেন। তিনি মহান আল্লাহ। তিনি নিঃসন্দেহে এর প্রতিশোধ নেবেন। এ জীবনে পার পেয়ে গেলেও পরকালে এটি আমার জন্য ভয়াবহ পরিণাম বয়ে আনবে।

দিবস–৪

## মানুষ ও জীবের প্রতি দয়া

নবীজী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন—

কোনো মুসলিম যদি একটি বৃক্ষ রোপণ করে, আর সেখান থেকে কোনো মানুষ বা প্রাণী কিছু খায়, তবে সেটি তার জন্য সাদাকায় পরিণত হবে।[৪]

**হাদীসের শিক্ষা :** আমাদের বাড়ির আশপাশে খালি জায়গা থাকে। ইচ্ছে করলে আমরা প্রত্যেকেই সাওয়াবের আশা নিয়ে এক-দুটি গাছ লাগাতে পারি। এতে আমাদের অজান্তেই নেকির খাতা ভারী হতে থাকবে। মানুষ সেই গাছের ছায়ায় বসবে, এতেও আমি সাওয়াব পাব। ফল খেতে পারবে, তাতেও সাওয়াব পাব। পশুপাখি গাছের পাতা ও ফল খাবে, তাতেও সাওয়াব লেখা হবে আমার আমলনামায়।

[ ১ ] জামে তিরমিযী, হাদীস নং : ১০৯৮৭।
[ ২ ] সহীহ বুখারী, হাদীস নং : ১৪১৭।
[ ৩ ] সহীহ মুসলিম, হাদীস নং : ৬৪৭০।
[ ৪ ] সহীহ বুখারী, হাদীস নং : ৬০১২।